# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ তাবুক যুদ্ধ - নবম হিজরীর রজব মাসে (غـــزوة تبـــوك في رجب سنة ٩هـ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

রুমী ও গাসসানীদের যুদ্ধ প্রস্তুতির বিশেষ খবর (الْأَخْبَارُ الْخَاصَّةُ عَنْ اِسْتِعْدَادِ الرُّوْمَانِ وَغَسَّان):

মুসলিমগণ যখন ক্রমাগতভাবে উপর্যুক্ত পরিস্থিতির মুখোমুখি হয়েই চলেছিলেন এমন সময় শাম রাজ্য হতে আগমণকারী তৈল বাহক [1] দলের মাধ্যমে আকস্মিকভাবে জানা গেল যে, হিরাকল ৪০ হাজার সৈন্যের সমন্বয়ে এক যুদ্ধ প্রিয় বাহিনী গঠন করেছে এবং রোমের একজন প্রখ্যাত কমান্ডারের অধিনায়কত্বে এ বাহিনীকে ন্যস্ত করেছে। তাছাড়া, নিজ পতাকার আওতায় খ্রিষ্টান গোত্রসমূহের মধ্যে লাখম জোযাম ও অন্যান্য গোত্রগুলোও একত্রিত করেছে এবং তাদের বাহিনীর অগ্রবর্তী দলটি বালকা’ নামক স্থানে পৌঁছে গেছে। এমনিভাবে এক ভয়াবহ বিপদ মূর্তরূপে মুসলিমগণের সামনে আত্মপ্রকাশ করেছে।

ফুটনোট

[1] নাবিত্ব বিন ইসমাঈলের বংশ উত্তর হেজাযে এক কালে যাদের অত্যন্ত সমাদর ও উচ্চ মর্যাদা ছিল। কিন্তু কালক্রমে তারা ধীরে ধীরে সাধারণ কৃষক এবং ব্যবসায়ীদের পর্যায়ে চলে যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6422

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন